

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০২(আগরতলা, ২০১০৪)
সোনামুড়া, ২০ এপ্রিল, ২০১৮

সোনামুড়ার ভারত-বাংলাদেশ সীমান্তের
সাহাপুর এলাকায় চলাচলে বিধিনিষেধ

সোনামুড়ার ভারত-বাংলাদেশ সীমান্তের শোভাপুর তহশিলের অন্তর্গত সাহাপুর এলাকায় ২০৮৪/১ এস থেকে ২০৮৪/৪ এস সীমান্ত পিলার পর্যন্ত সীমান্ত বেড়া নির্মাণকাজ ২১ এপ্রিল থেকে শুরু হবে। উক্ত সীমান্ত এলাকায় জন জীবনে শান্তি ও সুস্থিতি রক্ষায় সোনামুড়া মহকুমা ম্যাজিস্ট্রেট এক আদেশে ১৪৪ ধারা জারী করেছেন। এই আদেশ আজ ২০ এপ্রিল বিকাল ৫টা থেকে ২২ এপ্রিল বিকাল ৫টা পর্যন্ত বলবৎ থাকবে। এই আদেশে সংশ্লিষ্ট এলাকায় সীমান্ত বেড়ার উভয় দিকে একশ মিটার এলাকার মধ্যে জনসাধারণের চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।
